



ARTEMIDE
biliary02

ARTEMIDE-Biliary02 আপনাকে
কীভাবে সাহায্য করতে পারে তা জানুন

অধ্যয়ন কোড: D702NC00001
সংস্করণ সংখ্যা: 1.0
তারিখ: 03/12/2025
IN-bn

ARTEMIDE-Biliary02 অধ্যয়নে আপনার আগ্রহের জন্য ধন্যবাদ।

প্রথমত, আমরা বুঝি যে এটি হয়তো আপনার এবং আপনার প্রিয়জনদের জন্য একটি কঠিন সময় হতে পারে। কিন্তু অনুগ্রহ করে মনে রাখবেন যে আপনি একলা নন। আপনার যা প্রশ্নসমূহ কিংবা উদ্বেগসমূহ থাকতে পারে তাতে আপনাকে সহায়তা করার জন্য আপনার ডাক্তার এবং অধ্যয়নের দল এখানে উপস্থিত রয়েছেন।

আপনার সাম্প্রতিক রোগ নির্ণয় সম্পর্কে আরও কিছুটা বুঝতে আপনাকে সাহায্য করার জন্য এবং আপনি যদি এই অধ্যয়নে অংশগ্রহণ করতে চান তবে কী প্রত্যাশা করতে পারেন সে সম্পর্কে আপনাকে নির্দেশনা দেওয়ার জন্য এই পুস্তিকাটিকে (মানে প্যাম্ফলেটটিকে) তৈরি করা হয়েছে।

পিত্তনালীর ক্যান্সার কী?


পিত্তনালীর ক্যান্সার হচ্ছে এমন এক ধরনের ক্যান্সার যেটি **পিত্তাশয়** মানে গলব্লাডার কিংবা **পিত্তনালীতে** উদ্ভূত হয়।

আপনার পিত্তাশয় হচ্ছে একটি ছোট অঙ্গ যেটি আপনার যকৃতের নিচে পাওয়া যায়। এর প্রধান ভূমিকা হচ্ছে পিত্ত নামক একটি তরল সংগ্রহ করা। পিত্তকে যকৃতের দ্বারা তৈরি করা হয় এবং এটা আপনার আহারে চর্বি কে হজম করতে সাহায্য করে।

এই পিত্তটি যকৃত এবং পিত্তথলির মধ্যে সংযোগকারী একদল নলের মধ্য দিয়ে যায়। এগুলোকে পিত্তনালী বলা হয়।

পিত্তাশয় কিংবা পিত্তনালীর কোষগুলির অনিয়ন্ত্রিত বৃদ্ধি শুরু হওয়ার ফলে পিত্তনালীর ক্যান্সার উদ্ভূত হয়। এতে টিউমার নামক কোষের গুচ্ছ তৈরি হতে পারে।

পিত্তনালীর ক্যান্সারকে কখনও কখনও বাইল ডাক্ট ক্যান্সার বলা হয়, অথবা এটাকে কোলাঞ্জিওকার্সিনোমা ও বলা যেতে পারে।



লোকেদের পিত্তনালীর ক্যান্সার কেন হয়?

কেন কারো পিত্তনালীর ক্যান্সার হয়েছে তা সাধারণত স্পষ্টভাবে জানা যায় না। যদিও কিছু কারণে এই ধরনের ক্যান্সার উন্নত হওয়ার ঝুঁকি বেড়ে যেতে পারে তবুও সুস্থ জীবনধারা সম্পন্ন মানুষও এতে প্রভাবিত হতে পারেন। আপনি যদি ঝুঁকির কারণগুলির বিষয়ে আরও জানতে আগ্রহী হন, তাহলে আপনি আপনার ডাক্তার কিংবা অধ্যয়ন দলের সাথে কথা বলতে পারেন।



স্থানীয়ভাবে উন্নত পর্যায়ের আনরিসেক্টেবল (মানে অস্ত্রোপচারের মাধ্যমে অপসারণযোগ্য নয়) কিংবা মেটাষ্ট্যাটিক পিত্তনালীর ক্যান্সারের মানে কী?

স্থানীয়ভাবে উন্নত পর্যায়ের এবং মেটাষ্ট্যাটিক হচ্ছে শব্দ যা ব্যবহার করে একজন মানুষের ক্যান্সারের ‘পর্যায়’-এর বর্ণনা করা হয়। এটা গুরুত্বপূর্ণ কেননা এর সাহায্যে ডাক্তাররা সিদ্ধান্ত নিতে পারেন যে প্রত্যেকটি মানুষের জন্য কোন চিকিৎসা সবচেয়ে সেরা হবে।

- স্থানীয়ভাবে উন্নত পর্যায়ের পিত্তনালীর ক্যান্সারের মানে হল এমন এক ধরনের ক্যান্সার যেটি পিত্তনালী কিংবা পিত্তাশয়ের আশেপাশের জায়গায় ছড়িয়ে গেছে
- মেটাষ্ট্যাটিক পিত্তনালীর ক্যান্সারের মানে হল য ক্যান্সারটি পিত্তনালী কিংবা পিত্তাশয় থেকে শরীরের অন্যান্য অংশে ছড়িয়ে গেছে
- আনরিসেক্টেবল হচ্ছে একটি শব্দ যেটিকে ব্যবহার করে এমন একটি ক্যান্সারের বর্ণনা করা হয় যেটা অস্ত্রোপচারের মাধ্যমে অপসারণযোগ্য নয়। এর মানে হল যে এর জন্য অন্যভাবে চিকিৎসা করার প্রয়োজন রয়েছে



স্থানীয়ভাবে উন্নত পর্যায়ের কিংবা মেটাষ্ট্যাটিক পিত্তনালীর ক্যান্সারের চিকিৎসা সাধারণত কীভাবে করা হয়?

পিত্তনালীর ক্যান্সারের চিকিৎসা করার জন্য সাধারণত **দূরভালুম্যাব**-এর মতন একটি **ইমিউনোথেরাপি*** এবং **জেমসিটাবাইন** আর **সিসপ্লাটিন** নামক দুই ধরনের **কেমোথেরাপি** ব্যবহার করা হয়।

চিকিৎসাগুলির এই সংমিশ্রণকে **স্ট্যান্ডার্ড-অব-কেয়ার** মানে প্রমিত চিকিৎসা বলা হয়।

প্রমিত চিকিৎসা হচ্ছে পিত্তনালীর ক্যান্সারের জন্য আমাদের কাছে বর্তমানে উপলব্ধ সবচেয়ে কার্যকর চিকিৎসা, কিন্তু বৈজ্ঞানিকেরা এবং ডাক্তাররা সর্বদা আরও কার্যকর চিকিৎসা তদন্ত করার চেষ্টা করছেন। সেই কারণে আমরা এই ধরনের নিদানিক অধ্যয়নসমূহ পরিচালিত করে থাকি।

*ইমিউনোথেরাপি হচ্ছে একটি চিকিৎসা যেটি ক্যান্সারের কোষগুলিকে খুঁজতে কিংবা অপসারিত করতে আপনার রোগ প্রতিরোধক ব্যবস্থার সহায়তা করতে পারে।

নিদানিক অধ্যয়ন কী?

নিদানিক অধ্যয়ন হচ্ছে এক ধরনের মেডিকেল গবেষণা। তারা আমাদেরকে জানতে সহায়তা করে যে ইতিমধ্যে বিদ্যমান চিকিৎসাগুলির তুলনায় নতুন সম্ভাব্য চিকিৎসাটি কতটা ভালোভাবে কাজ করে। আপনার দ্বারা গ্রহণ করা প্রত্যেকটি ওষুধকে নিদানিক অধ্যয়নগুলির মাধ্যমে পরীক্ষা করা হয়েছে।

অংশগ্রহণকারী প্রত্যেকের নিরাপত্তা রক্ষা করতে সহায়তা করেন এমন এক বিশেষজ্ঞদের দল প্রত্যেকটি নিদানিক অধ্যয়নের পর্যালোচনা ও পর্যবেক্ষণ করেন এবং সেগুলিকে অনুমোদন দেন।

নিদানিক অধ্যয়নে অংশগ্রহণ সর্বদা আপনার পছন্দ।

আপনি অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নিতে পারেন কিংবা আপনি যেকোনো সময় নিজের অংশগ্রহণকে বন্ধ করে দিতে পারেন আর তাতে **আপনার দ্বারা গ্রহণ করা পরিচর্যা কোনোভাবে প্রভাবিত হবে না**। অংশগ্রহণ করার জন্য আপনাকে কোনো অর্থ পরিশোধ করতে হবে না। অধ্যয়নের চিকিৎসা, সাক্ষাৎসমূহ এবং পরীক্ষা-নিরীক্ষা ও মূল্যায়নসমূহ সবই **বিনামূল্য**।

আপনি যদি অংশগ্রহণ করার সিদ্ধান্ত নেন, **তাহলে তাতে ভবিষ্যতে আপনার পরিচর্যা কোনোভাবে প্রভাবিত হবে না**। আপনার অধ্যয়ন চিকিৎসা গ্রহণ করা বন্ধ করার পর আপনার অধ্যয়ন ডাক্তার আপনার সাথে আপনার পরবর্তী চিকিৎসার বিকল্পগুলিকে নিয়ে আলোচনা করবেন। খুব সম্ভবত আপনি **পিত্তনালীর ক্যান্সারের জন্য প্রমিত চিকিৎসা** গ্রহণ করবেন, কিংবা তারা **অন্য একটি নিদানিক অধ্যয়নে যোগ দেওয়ার** সম্ভাবনা নিয়েও আলোচনা করতে পারেন।

ARTEMIDE-Biliary02 কী?

ARTEMIDE-Biliary02 হচ্ছে একটি নিদানিক অধ্যয়ন যার আওতাধীন সিসপ্ল্যাটিন এবং জেমসিটাবাইন-এর স্ট্যান্ডার্ড-অব-কেয়ার কেমোথেরাপির সাথে রিলভোগোস্টোমিগ নামক একটি নতুন ধরনের ইমিউনোথেরাপিকে যোগ করা নিয়ে তদন্ত করা হচ্ছে।



+



রিলভোগোস্টোমিগ
(ইমিউনোথেরাপি)

সিসপ্ল্যাটিন/জেমসিটাবাইন
(কেমোথেরাপি)

তাছাড়া আমরা কেমোথেরাপি আর স্ট্যান্ডার্ড-অব-কেয়ার দূরভালুম্যাব-এর সংমিশ্রণকে নিয়েও গবেষণা করছি।



+




দূরভালুম্যাব
(ইমিউনোথেরাপি)

সিসপ্ল্যাটিন/জেমসিটাবাইন
(কেমোথেরাপি)


স্থানীয়ভাবে উন্নত পর্যায়ের কিংবা মেটাষ্ট্যাটিক পিভনালীর ক্যান্সারের যে সমস্ত রোগীরা এখন অবধি চিকিৎসা গ্রহণ করেন নি তাদের মধ্যে আমরা তুলনা করছি যে এই চিকিৎসাগুলি কতোটা ভালোভাবে কাজ করে। সেই কারণে আপনাকে অংশগ্রহণ করতে বলা হয়েছে।

রিলভোগোস্টোমিগ কী এবং এটি কীভাবে সহায়তা করতে পারে?


রোগ প্রতিরোধক ব্যবস্থার কাজের একটি অংশ হচ্ছে শরীরের মধ্যে ক্যান্সারের কোষ দেখা দিলে সেগুলিকে খোঁজা ও অপসারিত করা।




তবে, আপনার রোগ প্রতিরোধক ব্যবস্থাপনা থেকে নিজেদেরকে লুকিয়ে রাখার জন্য কিছু ক্যান্সার সংকেত ব্যবহার করে, যার ফলে রোগ প্রতিরোধক ব্যবস্থাপনা সঠিকভাবে কাজ করতে পারে না।



রিলভোগোস্টোমিগ-এর কাজ হচ্ছে এই সংকেতগুলিতে বাধা দেওয়া।



এটা হয়তো ক্যান্সারের কোষগুলিকে খুঁজতে এবং সেগুলিকে অপসারণ করতে আপনার রোগ প্রতিরোধক ব্যবস্থাপনার সহায়তা করতে পারে।




রিলভোগোস্টোমিগ এবং কেমোথেরাপির এই সংমিশ্রণটি হচ্ছে গবেষণামূলক, যার মানে হল যে এটাকে শুধুমাত্র নিদানিক অধ্যয়নে ব্যবহার করা যেতে পারে।

অধ্যয়নের সময় আমি কোন চিকিৎসা গ্রহণ করবো?


রিলভেগোস্টোমিগ এবং কেমোথেরাপির সংমিশ্রণটি কতোটা ভালোভাবে কাজ করে তা দেখার জন্য, আমাদেরকে এটিকে পিত্তনালীর ক্যান্সারের জন্য বর্তমানে ব্যবহৃত **প্রমিত চিকিৎসার** সাথে তুলনা করতে হবে, যা হল **দূরভালুম্যাব** আর কেমোথেরাপি।

অধ্যয়নে অংশগ্রহণকারী সকলকে **এলোমেলোভাবে 2টি চিকিৎসার গোষ্ঠীর মধ্যে 1টিতে বিভক্ত করা হবে।**




এই প্রক্রিয়াটিকে **এলোমেলোকরণ** বলা হয় এবং এটা অধ্যয়নটিকে **ন্যায্য এবং নিরপেক্ষ** রাখতে সহায়তা করে। এর মানে হল যে আপনার কাছে হয় রিলভেগোস্টোমিগ কিংবা দূরভালুম্যাব গ্রহণ করার **50% সুযোগ** থাকবে, কিন্তু এই কথা নিশ্চিত যে আপনি আপনার **পিত্তনালীর ক্যান্সারের জন্য প্রমিত চিকিৎসা** গ্রহণ করবেন।

আপনি কোন গোষ্ঠীতে আছেন তা নির্বিশেষে, আপনি ও আপনার অধ্যয়ন ডাক্তার উভয় জানতে পারবেন যে আপনি কোনো চিকিৎসা গ্রহণ করছেন এবং চিকিৎসা সম্পর্কে যদি আপনার কোনো প্রশ্নসমূহ থাকে তাহলে আপনি আপনার অধ্যয়ন ডাক্তারকে সেগুলি জিজ্ঞাসা করতে পারবেন।




দ্রুত প্রশাসিত ফ্লু-এর টিকার ইঞ্জেকশনের তুলনায়, এই চিকিৎসাগুলিকে ধীরে-ধীরে একটি দীর্ঘ সময় ধরে প্রশাসিত করা হয়, যাতে কোনো পার্শ্ব প্রতিক্রিয়া উন্নত হওয়ার ঝুঁকিকে কমানো যেতে পারে।

এই আইভি ইনফিউশনগুলির সম্পূর্ণ মেয়াদ জুড়ে, অধ্যয়নের ডাক্তার আপনাকে ক্রমাগত পর্যবেক্ষণ করবেন, আর সুনিশ্চিত করবেন যে সম্পূর্ণ মেয়াদে যেন আপনি নিরাপদ থাকেন এবং স্বাচ্ছন্দ্য বোধ করেন।



1. স্ক্রিনিং



4 সপ্তাহের মেয়াদে আপনার অধ্যয়ন ক্লিনিকে অন্তত **1টি** সাক্ষাৎ হবে।

আপনাকে যদি এই অধ্যয়নে অংশগ্রহণ করার জন্য উপযুক্ত বলে গণ্য না করা হয়, তাহলে অধ্যয়ন ডাক্তার এই বিষয়টিকে নিয়ে বিস্তারে আপনার সাথে আলোচনা করবেন এবং তিনি আপনার চিকিৎসার অন্যান্য বিকল্পগুলিকে নিয়েও আপনার সাথে কথা বলবেন। এটা সম্ভবত পিভিআলটির ক্যান্সারের জন্য প্রমিত চিকিৎসা হবে।



যদি অধ্যয়নটি আপনার জন্য সঠিক হয়, তাহলে আপনার চিকিৎসা গ্রহণের জন্য আপনি অধ্যয়ন ক্লিনিকে আপনার সাক্ষাৎগুলি শুরু করবেন।

আমাকে কত ঘন-ঘন অধ্যয়ন ক্লিনিকে আসতে হবে?

নিদানিক অধ্যয়নগুলিতে, প্রায়শই চিকিৎসাকে চক্রে পরিমাপ করা হয়। একটি চক্রে, আপনি আপনার চিকিৎসা গ্রহণ করবেন, তারপর আপনার শরীরকে বিশ্রাম করতে এবং আরোগ্যলাভ করতে সাহায্য করার জন্য বিরতি দেওয়া হবে।

চিকিৎসার প্রথম ৪ চক্রের সময়, সকলকে ৩-সপ্তাহের চক্রের দিন ১ এবং দিন ৪-এ অধ্যয়নের ক্লিনিকে আসতে হবে।

দিন ১-এ আপনি অধ্যয়ন চিকিৎসার সংমিশ্রণ গ্রহণ করবেন এবং
দিন ৪-এ আপনি কেমোথেরাপির আরেকটি ডোজ গ্রহণ করবেন।

তারপর চক্র ৩ থেকে, কেমোথেরাপি ছাড়া রিলভেগোস্টোমিগ গ্রহণ করার জন্য আপনাকে প্রতি 3 সপ্তাহ অন্তর একবার কিংবা দুরভালুম্যাব গ্রহণ করার জন্য প্রতি 4 সপ্তাহ অন্তর একবার অধ্যয়ন ক্লিনিকে যেতে হবে।

	চক্র 1-8		চক্র 9
	দিন 1	দিন 8	দিন 1
রিলভেগোস্টোমিগ কিংবা দুরভালুম্যাব			
কেমোথেরাপি			

আপনি ততক্ষণ অবধি এই চিকিৎসা গ্রহণ করা চালিয়ে যাবেন যতক্ষণ হয় আপনার ক্যান্সারের অবস্থায় অবনতি হয় কিংবা আপনি বা আপনার ডাক্তার কোনো কারণে আপনার অংশগ্রহণ বন্ধ করার সিদ্ধান্ত নেন।



3. ফলো-আপ

যেকোনো কারণে আপনার অধ্যয়ন চিকিৎসা বন্ধ করার পর, আপনি অধ্যয়নের **ফলো-আপ** ভাগে প্রবেশ করবেন।

ফলো-আপ খুবই গুরুত্বপূর্ণ কেননা এটা আপনার চিকিৎসা গ্রহণ সমাপ্ত হওয়ার পর আরও দীর্ঘ সময় ধরে আপনার অধ্যয়ন দলকে আপনার স্বাস্থ্য ও কল্যাণ পর্যবেক্ষণ করার অনুমতি দেয়।



ফলো-আপ-এর সময় আমার কোন-কোন সাক্ষাৎসমূহ হবে?

আপনার অধ্যয়ন চিকিৎসার চূড়ান্ত ডোজ গ্রহণের পর, আপনার নিম্নানুসারে সাক্ষাৎ হবে:



আপনার 30 এবং 90 দিনের সাক্ষাৎ-এ আপনার আরও কিছু পরীক্ষা-নিরীক্ষা এবং মূল্যায়নসমূহ এবং একটি বিস্তারিত স্বাস্থ্য পর্যবেক্ষণ করা হবে।

আপনার প্রতি 12 সপ্তাহ অন্তর সাক্ষাৎটির জন্য, আপনাকে হয়তো অধ্যয়ন ক্লিনিকে আসতে হবে না, কেননা অধ্যয়ন ডাক্তার হয়তো টেলিফোনের মাধ্যমে আপনার সাথে যোগাযোগ করতে পারেন অথবা তিনি হয়তো এর পরিবর্তে আপনার নিয়মিত ডাক্তারের সাথেও কথা বলতে পারেন।

আমি যখন অধ্যয়ন ক্লিনিকে যাব তখন কী হবে?

প্রত্যেকটি সাক্ষাৎ-এ, অধ্যয়নের দল আপনার স্বাস্থ্য ও কল্যাণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবে এবং আপনার প্রয়োজনীয় যেকোনো সহায়তা দেবে।

এটা আপনাকে প্রশ্ন জিজ্ঞাসা করার কিংবা আপনার যদি কোনো উদ্বেগ থাকে তাহলে তা নিয়ে আলোচনা করার সুযোগ দেবে।

চিকিৎসা গ্রহণ করার পাশাপাশি, আপনার সাক্ষাৎগুলিতে
অন্তর্ভুক্ত থাকতে পারে:



রক্ত ও মূত্র পরীক্ষাসমূহ



নিত্য পরিচর্যা, যেমন হৃৎপিণ্ডের হার, রক্তচাপ,
শারীরিক পরীক্ষা এবং তাপমাত্রা পর্যবেক্ষণ



ইমেজিং স্ক্যানসমূহ, যেমন সিটি স্ক্যান কিংবা একটি এমআরআই*



স্ক্রিনিংয়ের সময় একটি বায়োপসি, শুধুমাত্র যদি আপনার আগে
নমুনা নেওয়া হয়নি, কিংবা যদি পূর্ববর্তী বায়োপসি 12 মাসের
চেয়ে বেশি সময় আগে করা হয়েছিল

*সিটি-এর মানে হল কম্পিউটেড টমোগ্রাফি, এবং এমআরআই-এর মানে হল ম্যাগনেটিক
রেজোনেন্স ইমেজিং। কিন্তু আপনাকে এগুলি মনে রাখতে হবে না। এগুলি এক্স-রে-এর সমান,
কিন্তু আপনার হাড়গুলিকে দেখার বদলে এগুলি আপনার অঙ্গ-প্রত্যঙ্গের বিস্তারিত ছবি
সরবরাহ করে। এদের সাহায্যে অধ্যয়ন ডাক্তার আপনার ক্যান্সারকে আরও নিবিড়ভাবে
পর্যবেক্ষণ করতে পারবেন।

আমার সাক্ষাৎগুলি কতক্ষণের হবে?

সাক্ষাৎ-এ আপনার কোন-কোন পরীক্ষা-নিরীক্ষা ও মূল্যায়নসমূহ
দরকার তার উপর ভিত্তি করে অধ্যয়ন ক্লিনিকে আপনার
সাক্ষাৎগুলিতে আলাদা-আলাদা সময় লাগতে পারে। শুরুতে,
আপনার সাক্ষাৎগুলি হয়তো কিছুটা বেশি সময় ধরে চলতে পারে,
কিন্তু আপনার চিকিৎসা এগিয়ে যাওয়ার পাশাপাশি এগুলোর জন্য
কম সময় লাগা উচিত।

আপনার সাক্ষাৎগুলিতে 3 আর 5 ঘণ্টার মধ্যে সময়
লাগতে পারে।

আমরা বুঝি যে নিদানিক অধ্যয়নে যোগ দেওয়া একটি বড় অঙ্গীকার যার জন্য প্রচুর সময় লাগে। কিন্তু সেটি আপনার ব্যক্তিগত জীবনের পরিকল্পনাগুলিতে বাধা দেবে না।

যে ক্ষেত্রে সম্ভব, আপনি নিজের অধ্যয়ন ক্লিনিকের সাক্ষাৎগুলিকে পুনঃনির্ধারিত করতে পারবেন এবং অধ্যয়নের সময় আপনার দ্বারা পরিশোধিত কোনো ভ্রমণ কিংবা পার্কিং সম্পর্কিত খরচ হয়তো আপনাকে ফেরত পরিশোধ করা যেতে পারে।

অধ্যয়ন জুড়ে আপনাকে একটি মোবাইল ডিভাইসে কিছু ছোট-ছোট প্রশ্নমালাসমূহকে পূরণ করতে বলা হবে।

এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করে যে আপনি কেমন অনুভব করছেন এবং আপনি কি কোনো পার্শ্ব-প্রতিক্রিয়া অনুভব করছেন। প্রত্যেক দিন এগুলিকে পূরণ করতে 2-10 মিনিটের চেয়ে বেশি সময় লাগা উচিত নয়।

অধ্যয়ন দলের একজন সদস্য এটাকে সেট-আপ করতে আপনাকে সহায়তা করবেন এবং তিনি আপনাকে শেখাবেন যে এই প্রশ্নগুলির উত্তর কীভাবে দিতে হবে।



আমরা বুঝি যে এটি হয়তো খুবই কষ্টকর সময় হতে পারে এবং নিদানিক অধ্যয়নে অংশগ্রহণ করার সিদ্ধান্ত নেওয়া হয়তো সহজ নয়। কিন্তু এমনটি অনুভব করা খুবই স্বাভাবিক কথা! নিদানিক অধ্যয়নে অংশগ্রহণ করা একটি বড় অঙ্গীকার।

সুতরাং সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করার জন্য, আপনার জন্য সঠিক সিদ্ধান্ত নেওয়ার আগে আপনি এই বিষয়গুলি বিবেচনা করতে পারেন।

- আপনার ক্যামারের জন্য একটি **নতুন চিকিৎসা** সংমিশ্রণ **অ্যাক্সেস** করতে পারার সম্ভাবনা
- **আরও ঘন-ঘন** এবং **বিস্তারিত** স্বাস্থ্য পর্যবেক্ষণ
- আপনার স্বাস্থ্য সমস্যা পরিচালনার উপর কেন্দ্রিত একটি দল থেকে **সহায়তা গ্রহণ করা**
- ভবিষ্যতে পিভনালীর ক্যামারে আক্রান্ত লোকদের জন্য **চিকিৎসার উন্নয়নে অবদান রাখা**

তবে, আপনার এই কথা নিয়েও বিবেচনা করা উচিত যে:

- এমন কোনো গ্যারান্টি নেই যে অধ্যয়ন চিকিৎসায় আপনার উপকার হবে
- অধ্যয়ন চিকিৎসার কারণে হয়তো কিছু পার্শ্ব প্রতিক্রিয়া উন্নত হতে পারে, যেগুলি অধ্যয়ন জুড়ে সব সময় অধ্যয়ন দলের নিবিড় পর্যবেক্ষণের আওতাধীন থাকবে। পার্শ্ব প্রতিক্রিয়াগুলির বিষয়ে আরও তথ্য আপনার অবহিত সম্মতি ফর্ম থেকে পাওয়া যেতে পারে
- অধ্যয়নের আওতার বাইরের তুলনায় হয়তো আপনাকে আরও লম্বা কিংবা আরও ঘন-ঘন সাক্ষাৎ-এর জন্য আসতে হতে পারে
- আপনি যদি গর্ভবতী হন, কিংবা আপনার বা আপনার সঙ্গীর যদি গর্ভধারণ করার পরিকল্পনা থাকে তাহলে আপনি অংশগ্রহণ করতে পারবেন না



পর্যাপ্ত সময় নিয়ে সিদ্ধান্ত গ্রহণ করুন...

এটা খুবই গুরুত্বপূর্ণ যে আপনি সবকিছু সাবধানে বিবেচনা করেন। এবং আমরা জানি যে এটাকে একলা করা সহজ হবে না সুতরাং আপনার সিদ্ধান্ত গ্রহণে আপনাকে সাহায্য করার জন্য এখানে কিছু বিবেচ্য বিষয় উল্লিখিত রয়েছে যা নিয়ে আপনি আপনার ডাক্তারের সাথে আলোচনা করতে পারেন:

আমার কাছে আর কোন-কোন চিকিৎসার বিকল্প আছে?

এই অধ্যয়নে যোগ দেওয়া এবং নিয়মিত পরিচর্যার মধ্যে পার্থক্য কী?

আমি কি সময় এবং ভ্রমণ সম্পর্কিত অঙ্গীকারগুলিকে পরিচালনা করতে পারবো?

যদি আমি আগ্রহী হই তাহলে আমাকে
এরপর কী করতে হবে?

নিজের সময় দিয়ে এই পুস্তিকাটিকে (প্যাম্ফলেট) পড়ার জন্য **ধন্যবাদ**। আপনি যদি অংশগ্রহণ করতে আগ্রহী হন তাহলে **অনুগ্রহ করে অধ্যয়ন দলের একজন সদস্যের সাথে কথা বলুন**। আপনি যেকোনো সময় ওদের সাথে যোগাযোগ করতে পারবেন।


नामः

ফোন:

ঠিকানা:

ইমেল ঠিকানা:

ফ্যাক্স:



ARTEMIDE-Biliary02 নিয়ে বিবেচনা করার জন্য ধন্যবাদ।

আমরা আশা করি যে এই অধ্যয়ন আমাদেরকে
আপনার মতন পিভনালীর ক্যাপারের সাথে
জীবনযাপনকারী লোকেদের জন্য নতুন
চিকিৎসাসমূহ খুঁজতে সাহায্য করবে।

অধ্যয়ন কোড: D702NC00001

সংস্করণ সংখ্যা: 1.0

তারিখ: 03/12/2025

IN-bn